# তৃতীয় অধ্যায়

## দক্ষিণবঙ্গের বিভিন্ন অঞ্চলের কৃষি-কেন্দ্রিক ভাষা-সংস্কৃতির তুলনামূলক পাঠ

বর্তমান অধ্যায়ে আমরা দক্ষিণবঙ্গের তেরোটি জেলার কৃষি কেন্দ্রিক ভাষা সংস্কৃতির তুলনামূলক পাঠ নেওয়ার চেষ্টা করেছি। এক্ষেত্রে আমাদের গবেষণা অগ্রসর হয়েছে কৃষিক্ষেত্রে ও কৃষি সংস্কৃতিতে ব্যবহৃত নানা শব্দের রূপ বৈচিত্র্য পাঠের মাধ্যমে। আলোচ্য অধ্যায়ে শব্দই আমাদের মূল উপাত্ত। কৃষিকেন্দ্রিক ভাষা বলতে কৃষি সংস্কৃতিতে ব্যবহৃত কৃষিকাজ ও কৃষি সংস্কৃতি কেন্দ্রিক শব্দকে আমরা গ্রহণ করেছি। ভাষার উপাদান হিসাবে শব্দই আমাদের কাছে বিশেষ গ্রহণযোগ্য বলে মনে হয়েছে। কারণ শব্দ থেকেই তো ভাষার উৎপত্তি--শব্দ সমাহারেই আসে বাক্য--আর বাক্যের সমাহারেই তৈরি হয় ভাষার ধারণা। আমাদের বিশ্বাস ছোটো ছোটো শব্দের মধ্যেও লুকিয়ে আছে কৃষি সংস্কৃতির নানা দিক। যেমন একটি কৃষি কেন্দ্রিক শব্দ ‘ ঘোগ ’। দুটো ধান জমির মাঝের আলে ইঁদুর গর্ত করে দিলে ঐ গর্ত দিয়ে এক জমির জল অন্য জমিতে চলে যায়। ঐ গর্তকে বলা হয় ঘোগ। ধান জমিতে ঘোগ বিষয়টির সঙ্গে পরিচিত দক্ষিণবঙ্গের সব জেলার কৃষকরা। কিন্তু সব জেলায় ঘোগ শব্দের ধ্বনিরূপ এক রকম নয়। যেমন উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা জেলার কৃষকরা বিষয়টিকে ঘোগ নামেই চেনে। কিন্তু বীরভূমের কৃষকরা বিষয়টিকে ‘গোগাল’, বাঁকুড়ার কৃষকরা ‘ভুলুক’, মুর্শিদাবদের কৃষকরা ‘গুঙ াল’ নামে চেনে। ঘোগ বিষয়টি জেলা নিরপেক্ষ ভাবে সত্য, কিন্তু তার নামে বৈচিত্র্য আছে। দক্ষিণবঙ্গের তেরোটি জেলার মধ্যে উপভাষাগত পার্থক্য আছে। এমনিতে একটি উপভাষার সঙ্গে অপর একটি উপভাষার ধ্বনিগত, রূপগত, বাগধারাগত পার্থক্য থাকে। সেই পার্থক্যের কারণেই এক উপভাষার মানুষের সঙ্গে অন্য উপভাষার মানুষের ভাষাগত পার্থক্য তৈরি হয়। উপভাষার পাশাপাশি সমাজভাষার প্রভাবেও প্রভাবিত হয় ব্যক্তি মানুষের ভাষা ব্যবহার পদ্ধতি। সাধারণভাবে উপভাষা অপেক্ষা সমাজভাষার কারণে ভাষাভেদের পরিমাণ অনেক বেশি। উপভাষা হল কোনো বিস্তৃত এলাকা জুড়ে ভাষা বৈশিষ্ট্য সম্পর্কিত ধারণা। সমাজভাষার ধারণায় এমন কোনো এলাকা নির্দিষ্ট করে কিছু বলা যায় না। সেখানে লিঙ্গ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, পেশা অনেক কিছুই নির্ধারকের ভূমিকা পালন করে। বলা যায় উপভাষা সমাজভাষা উভয়ের প্রভাবেই প্রভাবিত হয় ব্যক্তির বুলিভাণ্ডার। এইসব কারণেই দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় কৃষি কেন্দ্রিক শব্দের যে বিচিত্র রূপ প্রচলিত আছে তার সঙ্গে পরিচিত হওয়ার চেষ্টা করেছি আমরা।

কৃষি সংস্কৃতি সাধারণ সমাজ সংস্কৃতির বাইরের কোনো বিষয় নয়। কৃষকরা সমাজ জীবনেরই একটা অংশ। তাই তাদের ভাষা সংশ্লিষ্ট এলাকার সমাজভাষার দ্বারা প্রভাবিত হয়। যেমন জমিতে জলসেচ

করা নিয়ে একই এলাকার হিন্দু ও মুসলমান সমাজের কৃষকদের মধ্যে শব্দ ব্যবহারে পার্থক্য আছে। যেমন- হিন্দু ধর্মের কৃষকরা বলে ''আলুর জমিতে জল দেওয়া খুব হিসেবের ব্যাপার'', আবার মুসলমান সমাজের কৃষকরা বলে '' ফলার মুখে আলুতি পানি সয়না। '' হিন্দুরা জলকে জল বলতেই অভ্যস্ত। কিন্তু মুসলমান সমাজে জল 'পানি' নামেই পরিচিত। এইভাবে সমাজ ও ধর্মের প্রভাবে প্রভাবিত হয় কৃষকদের বুলি ভাণ্ডার। উপভাষার কারণেও এক জেলার কৃষকের ভাষার সঙ্গে অন্য জেলার কৃষকের ভাষায়, শব্দ ব্যবহারে পার্থক্য তৈরি হয়। রাঢ়ী উপভাষার সঙ্গে ঝাড়খণ্ডী উপভাষার ধ্বনি সংগঠনে পার্থক্য আছে। সেই পার্থক্যের প্রভাব পড়ে সমাজভাষায়। কৃষকদের কৃষি সংক্রান্ত ভাষাও সেই প্রভাব এড়াতে পারে না।

পশ্চিমবঙ্গের মানচিত্রে দক্ষিণবঙ্গ বলতে বোঝানো হয় গঙ্গানদীর দক্ষিণ কূল বরাবর অবস্থিত জেলাগুলিকে। জেলাগুলি হল- উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলী, নদীয়া, বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর ও কলকাতা। এই তেরোটি জেলা নিয়ে বিস্তৃত দক্ষিণবঙ্গের আর্থ-সামাজিক প্রেক্ষাপট সব জায়গায় সমান নয়। জেলাগুলির আবহাওয়া জলবায়ুতেও রয়েছে পার্থক্য। জলবায়ুগত পার্থক্যের কথা ধরলে দু'টি প্রধান পার্থক্য প্রথমেই চোখে পড়ে। উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলী, মুর্শিদাবাদ, নদীয়া প্রভৃতি জেলার জলবায়ু মোটামুটি সমভাবাপন্ন। কিন্তু বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর প্রভৃতি জেলার জলবায়ু বেশ চরমভাবাপন্ন। বিশেষত গ্রীষ্মকালে জেলাগুলির গড় তাপমাত্রা অন্য জেলার তুলনায় অনেক বেশি। যে কোনো জেলার জলবায়ু তার কৃষি সংস্কৃতিতে বিশেষ ভাবে প্রভাব বিস্তার করে।

যে কোনো জেলার কৃষি সংস্কৃতি গড়ে ওঠার পিছনে কিছু কিছু বিষয় বিশেষভাবে ক্রিয়া করে। যেমন সংশ্লিষ্ট জেলার আবহাওয়া, জলবায়ু, ভূ-প্রকৃতি, মৃত্তিকার গঠন, ভৌম জলের পরিমাণ, আর্থসামাজিক প্রেক্ষাপট, জনসাধারণের জীবন যাপন প্রণালী ইত্যাদি। কৃষি সংস্কৃতির বিকাশে এগুলির ভূমিকা প্রচুর। যেমন ভৌম জলের অভাবের কারণে বাঁকুড়া, পুরুলিয়া জেলার অধিকাংশ জায়গায় গ্রীষ্মকালে কোনো রকম চাষ-আবাদ করা যায় না। ঐসব জেলায় ভূগর্ভস্থ জল এত নিচে যে সাধারণ স্যালো মেশিন দিয়ে সে জল তোলা যায় না। ডিপ টিউব ওয়েল বসিয়ে জল তোলা সম্ভব হলেও তাতে অন্য অসুবিধা

আছে। যেমন বাঁকুড়া জেলার বাঁকুড়া থানার অন্তর্গত বাঁশি কৃষি সমবায় সমিতির অফিসে গিয়ে আমরা দেখেছি দু'টি বড়ো বড়ো মোটর ব্যবহার না হয়ে পড়ে আছে। কারণ জিজ্ঞাসা করে আমরা জানতে পেরেছি যে ঐ মোটর দু'টি দিয়ে ডিপ টিউব ওয়েল বসানোর পরিকল্পনা হলে এলাকাবাসী প্রচণ্ড প্রতিবাদ করে। তাদের দাবি ঐরকম বড় মোটর দিয়ে মাটির নিচ থেকে জল তুললে পুরো বাঁকুড়া জেলায় কেউ গ্রীষ্মকালে খাওয়ার জল পাবে না। বিষয়টি কতকাংশে সত্য। এই রকম অনেক কারণে বাঁকুড়া জেলার অধিকাংশ জায়গায় ডিপ টিউব ওয়েল বসানোর সুযোগ পাওয়া যায় না। পুরুলিয়া জেলার চিত্রও অনেকটা একই রকম। ভৌম জলের এই রকম অভাবের কারণে জেলাগুলিতে সেচের একমাত্র উপায় বৃষ্টির জল। যা সারাবছর ঠিকমত পাওয়া যায় না। ফলে ক্ষতিগ্রস্ত হয় কৃষিকাজ। এইরকম প্রতিবন্ধকতা নিয়েই জেলাগুলির কৃষি সংস্কৃতি গড়ে উঠেছে। গ্রীষ্মকালে সেখানে অধিকাংশ জমিতে ধান চাষ করা যায় না। বিঘের পর বিঘে জমি ফাঁকা পড়ে থাকে। বিস্তীর্ণ মাঠের মধ্যে নদী বা জলাশয় সংলগ্ন এলাকায় জলসেচ করা মেশিন দিয়ে জলসেচ করে যা কিছু চাষ-আবাদ করা যায় তা করা হয়। বাকি জমি ফাঁকাই পড়ে থাকে।

ভৌম জলের এমন সমস্যা দক্ষিণবঙ্গে অন্যান্য জেলায় এত প্রকট নয়। ফলে অধিকাংশ জায়গায় সারাবছর চাষ-আবাদ সম্ভব হয়। মিনি টিউব ওয়েলের ধারণা উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, বর্ধমান, বীরভূম প্রভৃতি জেলার কৃষকদের কাছে যতটা পরিচিত বিষয় বাঁকুড়া, পুরুলিয়া জেলার কৃষকদের কাছে ততটা পরিচিত নয়। ফলে ঘণ্টা পানি, ফুরন পানি, চাষ চুক্তি ইত্যাদি কথার সঙ্গে তারা ততটা অভ্যস্ত নয়। যা উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, বর্ধমান জেলার কৃষকদের কাছে অতি পরিচিত বিষয়। সারাবছর কৃষিকাজ হওয়ার কারণে এইসব জেলার কৃষি সংস্কৃতি অনেক বেশি সমৃদ্ধ ও বৈচিত্র্যময়। ভাষা সংস্কৃতিতে রয়েছে সেই বৈচিত্র্যের ছাপ। ক্ষেত্র সমীক্ষার সময় আমরা এর প্রমাণ পেয়েছি। যেমন উত্তর ২৪ পরগনা বা নদীয়া জেলার কৃষি সংস্কৃতিতে একটি বিশেষ শব্দ প্রচলিত আছে। শব্দটি হল ' ধুলুচে বোনা'। ভিজে জমিতে শস্যের দানা ছড়ানোকে ধুলুচে বোনা বলা হয়। শব্দটির সঙ্গে বাঁকুড়া, পুরুলিয়া জেলার কৃষকরা একেবারেই পরিচিত নয়। তারাও ভিজে জমিতে দানা ছড়িয়ে কোনো কোনো চাষ করে। কিন্তু সেই কাজকে ঐরকম কোনো নাম দ্বারা চিহ্নিত করে না। কৃষি কেন্দ্রিক যে কোনো কাজকে নাম দ্বারা চিহ্নিত করার পিছনে সমৃদ্ধ কৃষি সংস্কৃতির ইতিহাসই বিশেষ ভাবে ক্রিয়া করে।

দক্ষিণবঙ্গের অন্যান্য জেলার সঙ্গে কলকাতা জেলার পার্থক্য প্রচুর। রাজ্যের রাজধানী হওয়ার কারণে এই জেলার অধিকাংশ জায়গা বর্তমানে শহরে পরিণত হয়েছে। চাষ-আবাদ শহর কলকাতায় বিশেষ হয় না। শহর কলকাতার বাইরে জেলার অন্যান্য জায়গায় কিছু কিছু কৃষিকাজ হয়। যদিও তার পরিমাণ ও বৈচিত্র্য খুব কম। শহুরে জীবনের সঙ্গে মিশে সেখানকার কৃষকরাও শহুরে হয়ে গিয়েছে। ফলে তাদের ভাষায় বৈচিত্র্য কম। রাঢ়ী উপভাষার ধ্বনিগত বৈশিষ্ট্যের সঙ্গে সঙ্গতি রেখে তাদের কৃষিজ ভাষা নিজস্ব রূপ নিয়েছে। উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া প্রভৃতি জেলাগুলি কলকাতার অতি নিকটবর্তী হওয়ায় তাদের কৃষি কেন্দ্রিক ভাষার সঙ্গে কলকাতার ভাষা অনেকাংশে মিলে যায়, বা বলা যায় এইসব জেলাগুলিকেই অনুসরণ করে কলকাতার কৃষকরা। উপভাষাগত দিক দিয়েও জেলাগুলির মধ্যে মিল বিদ্যমান। আবার এইসব জেলার মানুষের জীবন যাত্রাও কলকাতার শহুরে সংস্কৃতির প্রভাবে বিশেষ ভাবে প্রভাবিত। কলকাতা থেকে জেলাগুলির দূরত্ব বেশি না হওয়ায় এবং বর্তমানের উন্নত যোগাযোগ মাধ্যমের কারণে এইসব জেলা থেকে বহু মানুষ প্রতিদিন কলকাতায় কাজ করতে যায়। তারা সেখানকার শহুরে সংস্কৃতির সঙ্গে পরিচিত হয়ে তার কিছুটা বহন করে আনে গ্রামে। কৃষি ভাষায় পড়ে এর অনিবার্য প্রভাব। এইসব জেলার কৃষকদের বুলিভাণ্ডারে ইংরেজি শব্দের প্রাচুর্য এর প্রমাণ বহন করে। কলকাতা শহর বা শহুরে সংস্কৃতির এত গভীর প্রভাব কলকাতা থেকে দূরে অবস্থিত জেলাগুলিতে বিশেষ পড়েনি। সেখানকার কৃষিজ ঐতিহ্য এগিয়ে চলেছে নিজস্ব ঢঙে। সব মিলিয়ে দক্ষিণবঙ্গে কৃষি সংস্কৃতিতে তৈরি হয়েছে বিচিত্র সব সমীকরণ। কৃষি কেন্দ্রিক ভাষায় পড়েছে তার অনিবার্য প্রভাব।

দক্ষিণবঙ্গের বিভিন্ন অঞ্চলের কৃষি কেন্দ্রিক ভাষা সংস্কৃতির তুলনামূলক পাঠ নেওয়ার কাজে দক্ষিণবঙ্গের তেরোটি জেলায় ক্ষেত্র সমীক্ষা করেছি আমরা। কিন্তু ব্যক্তিগতভাবে আমি নিজে উত্তর ২৪ পরগনা জেলার মানুষ। ফলে স্বাভাবিক ভাবে এই জেলার কৃষি সংস্কৃতি বিষয়ে আমার অভিজ্ঞতা অন্যান্য জেলার তুলনায় অনেক বেশি। তাছাড়া নিজের জেলায় ক্ষেত্র সমীক্ষা করা অনেক সুবিধাজনক বলে অন্যান্য জেলা অপেক্ষা উত্তর ২৪ পরগনা জেলাতে আমরা সবচেয়ে বেশি পরিমাণে ক্ষেত্রসমীক্ষা করতে পেরেছি। এ কারণেই দক্ষিণবঙ্গের বিভিন্ন অঞ্চলের কৃষি কেন্দ্রিক শব্দের তুলনামূলক পাঠ নেওয়ার কাজে উত্তর ২৪ পরগনা জেলার কৃষি ও কৃষি সংস্কৃতি কেন্দ্রিক শব্দসমূহকে মানদণ্ড হিসাবে গ্রহণ

করেছি। আমরা যে সমস্ত শব্দসমূহকে মানদণ্ড হিসাবে গ্রহণ করেছি সে সব শব্দের আভিধানিক রূপ বা আদর্শ রূপ সবসময় পাওয়া যায় না। আমাদের সংগৃহীত শব্দের অধিকাংশই আঞ্চলিক শব্দ। আলোচ্য অধ্যায়ে শব্দগুলির অর্থগত কোনো পরিচয় আমরা দিইনি। সে পরিচয় বিস্তৃত ভাবে দেওয়া হয়েছে গবেষণা সন্দর্ভের পরবর্তী অধ্যায়ে। এখানে আমরা কেবলমাত্র দেখানোর চেষ্টা করেছি জেলাভেদে শব্দের রূপ পরিবর্তনের চিত্রকে। উদাহরণ হিসাবে কয়েকটি শব্দের কথা এখানে তুলে ধরা হল-'আঁটি' কথাটির অর্থ হল একমুঠো পরিমাণ কাটা ধানগাছের বাণ্ডিল। শব্দটি হাওড়া, বর্ধমান, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, কলকাতা জেলায় একই রূপে পরিচিত। দক্ষিণবঙ্গের অন্যান্য জেলায় এর বিভিন্ন নাম প্রচলিত আছে। যেমন নদীয়ায় ' মোড় ', হুগলীতে ' ইটোনা ', বাঁকুড়ায় ' এটোনা ', পুরুলিয়ায় ' গোচ ', মুর্শিদাবাদে ' আউর ', বীরভূমে ' মুঠো '। ধান ঝাড়ার পর ধান গাছের যে ছেঁড়া টুকরো জমা হয় তাকে ' পল ' বলা হয়। শব্দটি উত্তর ২৪ পরগনা, নদীয়া, বর্ধমান ও কলকাতায় ' পল ' নামেই পরিচিত। কিন্তু অন্যান্য জেলায় জিনিসটির অন্যান্য অনেক নাম প্রচলিত আছে। যেমন হাওড়ায় ' খড় কুটো ', হুগলীতে ' পোয়াল ', বাঁকুড়ায় ' আগড়া কুটো ', পূর্ব মেদিনীপুরে ' পুয়োল ', পুরুলিয়া ও বীরভূমে ' বোদ '। কৃষি কেন্দ্রিক এমন অনেক শব্দ আছে যেগুলি দক্ষিণবঙ্গের সব জেলায় একই নামে পরিচিত। যেমন আল, ধানসেদ্ধ, ধান রোয়া, মাচা করা, কোদাল, লাঙল দেওয়া প্রভৃতি। দু-একটি বৈপরীত্য ছাড়া উৎপাদিত ফসলের নাম বৈচিত্র্য বিশেষ পাওয়া যায় না। যেমন ' টমাটো ' ফসলটি দক্ষিণবঙ্গের প্রায় সব জেলা একই নামে চেনে। কিন্তু পুরুলিয়া একে ' বিলাতি ' নামে চেনে।

এই অধ্যায়ের পরবর্তী পর্যায়ে আমরা ছকের সাহায্যে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে কৃষিজ শব্দের ব্যবহারগত রূপ বৈচিত্র্যকে তুলে ধরেছি। প্রতিটি পৃষ্ঠার ছকে আছে লম্বালম্বি ভাবে পরপর চারটি সারি। প্রতিটি পৃষ্ঠার বাঁ দিকের সারি উত্তর ২৪ পরগনা জেলার জন্য নির্দিষ্ট। তারপর যথাক্রমে হুগলী, নদীয়া, হাওড়া, দক্ষিণ ২৪ পরগনা, বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, কলকাতা জেলাগুলির ছক বর্তমান। আমরা আগেই বলেছি আলোচ্য অধ্যায়ে উত্তর ২৪ পরগনার কৃষি কেন্দ্রিক শব্দ আমাদের মানদণ্ড। সে কারণে প্রথমে আমরা উত্তর ২৪ পরগনা জেলায় প্রচলিত কমবেশি দশটি কৃষি কেন্দ্রিক শব্দ নিয়ে তাদেরকে ছকের বাঁ দিকের সারিতে লিখেছি। তারপর

উক্ত ক্রম অনুযায়ী দক্ষিণবঙ্গের বাকি বারোটি জেলায় ঐ শব্দের কেমন রূপ প্রচলিত তা তুলে ধরেছি। ছকের শুরু থেকে পৃষ্ঠার বাঁ দিকের উত্তর ২৪ পরগনার সারিটি বাদ দিয়ে তিনটি জেলার সারি বিদ্যমান। পরের পৃষ্ঠায় একইভাবে আরও তিনটি জেলার সারি আছে। এইভাবে মোট চারটি পৃষ্ঠা জুড়ে তেরোটি জেলার শব্দের রূপ দেখানো হয়েছে। অর্থাৎ প্রথমে গৃহীত দশটি শব্দের তেরোটি জেলার রূপ দেখাতে মোট চারটি পৃষ্ঠা ব্যবহৃত হয়েছে। এইভাবে প্রতি ক্ষেত্রে কমবেশি দশটি করে শব্দের রূপ দেখাতে চারটি করে পৃষ্ঠা ব্যবহৃত হয়েছে। প্রথমে গৃহীত দশটি শব্দের রূপ দক্ষিণবঙ্গের তেরোটি জেলায় দেখানোর পর আবার নতুন কমবেশি দশটি শব্দ মানদণ্ড হিসাবে নেওয়া হয়েছে এবং পূর্বের মত একইভাবে একই ক্রম অনুযায়ী বাকি বারোটি জেলার রূপ দেখানো হয়েছে। এইভাবে সমগ্র অধ্যায়টি বিন্যস্ত হয়েছে। পরের পৃষ্ঠা থেকে ছক আরম্ভ হয়েছে।

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| আঁটি | ইটোনা | মোড়া | আঁটি |
| নাড়া | ওল্টানো | নাড়া/পা দেওয়া | উনছানো |
| সেদ্দ | সেদ্দ | সেদ্দ | সেদ্দ |
| উড়োন দেওয়া | হাওয়া দেওয়া | উড়ান দেয়া | হাওয়া দেওয়া |
| গাদা | গাদা | গাদা | কাঁড়ি |
| গোলা | কড়ুই | গোলা | কড়ুই |
| পল | পোয়াল | পল | খড় কুটো |
| পুলো | বোজা | বোজা, পাঁজা | পল বাঁধা, বাণ্ডিল |
| বাজরা | ঠসকা, পাতি প্যাড়া | ডোল, ঝুড়ি | বড় ঝুড়ি |
| শিষ কাটা | ডগ কাটা | শিশ কাটা | শিশ কাটা |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| আঁটি | আঁটি | আঁটি | মুঠো |
| নাড়া | নাড়া | নাড়া | নাড়া |
| সেদ্দ | সেদ্দ | সেদ্দ | সেদ্দ |
| উড়োন দেওয়া | উড়োন দেয়া | উড়োন দেওয়া | কুটো ওড়ানো |
| গাদা | গাদা | পালোই | পালোই,কুঁড়, |
| গোলা | গোলা | মরাই | কুঠি, মরাই |
| পল | পল, পুয়ালী | পল | বোদ |
| পুলো | পুলো, তড়পা | তড়পা | খড়ের বুজা, হালা পাজা |
| বাজরা | বাজরা | বাজরা | ঢাকি |
| শিষ কাটা | আগা কাটা | আগা কাটা | শিশ কাটা, আগাল কাটা |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
|---|---|---|---|
| আঁটি | আউর, গোছা | এটোনা | গোচ |
| নাড়া | নাড়া, পা দেয়া | উলাস, উলসে দেয়া | নাড়া, উলসানো |
| সেদ্দ | সেদ্দ | সেদ্দ | সেদ্দ |
| উড়োন দেওয়া | ধান ওড়ানো | বাওলানো | বাওলানো |
| গাদা | গাজা, পালা | পালই | পালুই |
| গোলা | গোলান কুটি, বাঘার | কুঠি | কুঠ |
| পল | আগড়া | আগড়া কুটো | বোদ |
| পুলো | তড়পা | তোড়া | তাড়া |
| বাজরা | বাজরা, ঝুড়ি | ঝুড়ি | ঝুড়ি |
| শিষ কাটা | শিশ কাটা, চুঁচে নেওয়া | ডগা কাটা | ডগা কাটা |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| আঁটি | আঁটি | আঁটি | আঁটি |
| নাড়া | নাড়া | শুকনো করা, চেলে দেওয়া | নাড়া |
| সেদ্দ | সেদ্দ | সেদ্দ | সেদ্ধ |
| উড়োন দেওয়া | হাওয়া দেওয়া | হাওয়া দেওয়া | উড়োন দেয়া |
| গাদা | ঘাস গাদা | গাদা | গাদা |
| গোলা | হামার | হামার | গোলা |
| পল | আগড়া | পুয়োল | পল |
| পুলো | পুউল | তড়পা | বোঝা |
| বাজরা | ডোল | ঝাঁকা, লাই | বাজরা |
| শিষ কাটা | শিশ কাটা | ডগ কাটা | শিষ কাটা |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| জলখাবার | জল খাবার, দশটার খাবার | জলখাবার | মুড়ি জল |
| জিরোনো | রেস | জোত নেওয়া, হাফ নেওয়া | রেস নেওয়া |
| মেন্দার | বছর বাধা | মেন্দার | লাগাড় |
| লাঙলের দাম | হালের দাম | চষার টাকা | ট্রাক্টরের দাম |
| জো হওয়া | বাত হওয়া | জো হওয়া | জাত জো |
| ভাগরা করা | বর্গা করা | বর্গা করা | বর্গা করা |
| মাঠান জমি | চাষা জমি | চাষের জমি, আউশ | চাষের জমি |
| ঘোগ | ঘোগ | ফোঁকল | ইঁদুর গর্ত |
| ঘোগ বোজানো | ঘোগ বোজানো | ফোঁকল মারা | গর্তে কাদা দেওয়া |
| ভিটা | ভিটা | বাস ভূমী | বসত |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| জলখাবার | জলখাবার, মুড়ি টিফিন | লাহারি | জলখাবার |
| জিরোনো | জিরিয়ে নেয়া | হাফ নেওয়া | জিরোন, ক্যাড় নেওয়া |
| মেন্দার | বাড়ির শ্রমিক | কিশ্‌শান | লাগিরে, কৃশ্যান |
| লাঙলের দাম | হালের দাম | লাঙলের দাম | হালের দাম |
| জো হওয়া | জো | জো | বতর হওয়া |
| ভাগরা করা | বর্গা করা | বর্গা করা | বর্গা করা |
| মাঠান জমি | মাঠ জমি | চাষ জমি, আউশ | মাঠান জমি, চাষ ভুঁই |
| ঘোগ | ঘোগ | গোগাল | গোগাল |
| ঘোগ বোজানো | ঘোগে মারা | গোগাল ভরাট | গোগাল বোজানো |
| ভিটা | বাস্তু বসত, বাস্তু | ভিটে | ভিটা |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
|---|---|---|---|
| জলখাবার | লাহারি | পানি খাবার | জলখাবার |
| জিরোনো | দম নেওয়া, আশান নেওয়া | জিরোনো | বসা |
| মেন্দার | কিশ্‌শান, কিশ্বিন | মাহিন্দার | কিশান |
| লাঙলের দাম | লাঙলের টাকা | হালের দাম | হালের দাম |
| জো হওয়া | জো হওয়া, বতর হওয়া | বাত হওয়া | জো হওয়া |
| ভাগরা করা | ভাগরা করা, দখলদারী | বর্গা করা | বর্গা করা |
| মাঠান জমি | মাঠান জমি, আউশ | মাঠের জমি | চাষের জমি |
| ঘোগ | গুঙাল | ভুলুক | গর্ত |
| ঘোগ বোজানো | গুঙাল বোজানো | ভুলুকে কাদা দেওয়া | গর্ত বোজানো |
| ভিটা | ভিটে মাটি | ভিটে | ভিটে বাড়ি |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| জলখাবার | টিফিন, মুড়ি জল | জলখাবার | জলখাবার |
| জিরোনো | রেস্ট নেওয়া | জিরোন | জিরোনো |
| মেন্দার | বাধা মজুর | লাগাড়ে, মান্দার | মেন্দার |
| লাঙলের দাম | চষার দাম | লাঙলের দাম | লাঙলের দাম |
| জো হওয়া | বড়ানি | বাত হওয়া | জো হওয়া |
| ভাগরা করা | লিখে নেওয়া | বর্গা করা | ভাগরা করা |
| মাঠান জমি | জলা জমি | মাটান জমি | মাঠান জমি |
| ঘোগ | ঘোগ | ঘোগ, বড়া | ঘোগ |
| ঘোগ বোজানো | ঘোগ বোজানো | ঘোগ বোজানো, গর্ত মারা | ঘোগ বোজানো |
| ভিটা | বাস্তু | বাস জমি | ভিটা |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| পড় | লালা | পড় | নালা |
| পিলি | ভুড়ো | ভেলি | ভাটি, লোল |
| বিজতলা | তলা বাড়ি | বিজখোলা, চারা ভুঁই | তলা বাড়ি |
| কৃষি শ্রমিক | খেত মজুর | মজুর | জোন |
| জ্যাঠো | জ্যাটা | আইডোর, আগড়ি পনা | জ্যাঠা |
| বিজ ভাঙা | বিজ টানা | চারা টানা | বিজ ভাঙা |
| রোয়া | রোয়া | রোয়া | রোয়া |
| রোয়ার শ্রমিক | মজুর | মজুর | মজুর |
| ছই গাড়ি | ছুতরি | ছই গাড়ি | ছপ্পড় |
| পাল দেওয়া | পাল দেওযা | ঠেকা দেয়া | ঠেক দেওয়া |

| উত্তর ২৪ পরগনা | দঃ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| পড় | পানির পথ, ড্রেন | নালা | লেলা, নালা |
| পিলি | ভাটি | ডাহা করা | ভিলি, ভাটি |
| বিজতলা | বিজতলা, বীজঘোটি<br>তলা ঘটি | বিজতলা | বিজআড়া,বিচাড়া<br>বিছাড় |
| কৃষি শ্রমিক | মজুর | মুজুর, মুনিস | মুনিস, জিন |
| জ্যাঠো | জ্যাঠো | জ্যাঠো | আগুস্ত |
| বিজ ভাঙা | তলা ভাঙা, বিজ ভাঙা | বিজ ভাঙা | বিজ মারা |
| রোয়া | রোয়া | রোয়া | ধান পোতা |
| রোয়ার শ্রমিক | মজুর | মজুর | পাতুনি লোক, মুনিস |
| ছই গাড়ি | ছই গাড়ি | ছত্রি | টপা গাড়ি |
| পাল দেওয়া | পাল দেওয়া | পাল দেওয়া | রেড় দেয়া, ঠেক দেয়া |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
|---|---|---|---|
| পড় | ডেন | লালা | নেলা, নালা |
| পিলি | ভেলি | ভুড়ো | ভেলি |
| বিজতলা | পুল তলা | বিজ তলা | বিছন তলা |
| কৃষি শ্রমিক | প্যাঠ | মুনিস | মুনিস |
| জ্যাঠো | আইডোর | জ্যাঠো | জ্যাঠো |
| বিজ ভাঙা | পুয়ালি তোলা | বিজ টানা | বিজ তোলা |
| রোয়া | ধান পোতা | রোয়া | রোয়া |
| রোয়ার শ্রমিক | মুনিস | মুনিস | মুনিস |
| ছই গাড়ি | টোপর গাড়ি, টোপা | ছত্রি | ছত্রি |
| পাল দেওয়া | হেল দেয়া, রহড় দেয়া | হেলা দেওয়া | পাল দেওয়া |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| পড় | ড্রেন, নালি | জল কাটানো লালা, লালা | পড়, ড্রেন |
| পিলি | ভাটি | ভুড়ো | পিলি |
| বিজতলা | বিজতলা, বিজ-ভুঁই | বিজ তলা | বিজ তলা |
| কৃষি শ্রমিক | মজুর | মুনিস | শ্রমিক |
| জ্যাঠো | জ্যাঠান | জ্যাঠো | জ্যাঠো |
| বিজ ভাঙা | বিজ তোলা | বিজ তোলা | বিজ টানা |
| রোয়া | রোয়া | রোয়া | রোয়া |
| রোয়ার শ্রমিক | মুনিস | মুনিস | শ্রমিক |
| ছই গাড়ি | ছই গাড়ি | ছই গাড়ি | ছই গাড়ি |
| পাল দেওয়া | ঠেক দেয়া | পাল দেয়া | পাল দেওয়া |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| ধান ঝাড়া | ধান ঝাড়া | ধান ঝাড়া | ধান ঝাড়া |
| পল মাড়া | পোয়াল মাড়া | পল মাড়া | পোয়াল মাড়া |
| কুঁড়ো | কুঁড়ো | কুঁড়ো | তুষ, কুঁড়ো |
| জাবনা | কাটা খড় | কাটা খড় | কাটা খড় |
| খুঁচি | সের | সের, কাঠা | পালি |
| কোটো | কোটো | ঢপ, কৌটো | কোটো |
| ধানের বোজা | ধানের বোজা | ধানের বোজা | রাশ |
| ঝুড়ি | ঝোড়া | ঝুড়ি | ঝুড়ি |
| পাট ছাড়ানো | পাট বেড়ানো | পাট বেড়ানো | পাট ছাড়ানো |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| ধান ঝাড়া | ধান ঝাড়া | ধান ঝাড়া | ধান বেড়োনো |
| পল মাড়া | পোয়ালী মাড়া | পোয়াল মাড়া | পল টানা |
| কুঁড়ো | কুড়ো, তুষ | আগড়া | তুষ, কুড়া, পাতান |
| জাবনা | জাবনা | কাটা খড় | জৌলি |
| খুঁচি | পালি | খুঁচি, খোচ | টুকি |
| কোটো | কোটো | কোটো | পোয়া |
| ধানের বোজা | তড়পা | ধানের বোজা | তড়পা |
| ঝুড়ি | ঝুড়ি | ঝুড়ি | ঝাঁঝরি |
| পাট ছাড়ানো | পাট পেটানো | পাট বেড়োনো | পাট বেড়ানো |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
|---|---|---|---|
| ধান ঝাড়া | ধান বাড়োনো, ধান মাড়া<br>ধান ঝাড়া | ধান ঝাড়া | ধান ঝাড়া |
| পল মাড়া | আগড়া ঝাড়া | পোয়াল মাড়া | ঝাড়া |
| কুঁড়ো | পাতান, তুষ | ভুসি | ভুসি |
| জাবনা | শানি, চাড়া, চুড়, ছানি | কাটা খড় | কাটা খড় |
| খুঁচি | কাঠা | ঠেকা | ঠেকা |
| কোটো | কোটো | কোটো | কোটো |
| ধানের বোজা | তড়পা | বোজা | ধানের বোজা |
| ঝুড়ি | ঝাঁঝরি, পেচে | ঝাঝরি | ঝাঁঝরি |
| পাট ছাড়ানো | পাট ছাড়ানো | শন ছাড়ানো | শন ছাড়ানো |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| ধান ঝাড়া | ধান ঝাড়া | ধান ঝাড়া | ধান ঝাড়া |
| পল মাড়া | পোয়াল মাড়া | পোয়াল মাড়া | পোয়াল মাড়া |
| কুঁড়ো | ভুসি | ভুসি | কুড়া |
| জাবনা | ছানি | খড় কাটা, কুচো খড় | ছানি |
| খুঁচি | খুঁচি | সের | খুঁচি |
| কোটে | কোটো | কোটো | কৌটো |
| ধানের বোজা | ধানের কাঁড়ি | ধানের কাঁড়ি | ধানের বোজা |
| ঝুড়ি | ঝুড়ি, ঝোড় | ঝুড়ি | ঝুড়ি |
| পাট ছাড়ানো | পাট ছাড়ানো | পাট ছাড়ানো | পাট ছাড়ানো |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| কুলো | কুলো | কুলো | কুলো |
| গোজা | গজা | গোজা | গোজা |
| ভাগ চাষ | লিজ | ভাগে চাষ | ভাগ চাষ |
| জিরেন দেওয়া | জিরেন দেওয়া | রেস দেওয়া | সিজন ছাড় |
| ভাগরা করা | লিখে নেওয়া | ভাগরা করা | ভাগ রেকর্ড |
| খড় | খড় | নাড়া, আউল | বিছলি, খড় |
| পালা | গাদা | পালা | পালা |
| বিজ ছড়ানো | বিজ বোনা | বিজ রোয়া | বীজ পোতা |
| ছেলো | ছেলো | ছেলো | ছেলো |
| সারা | সারা | সারা | সারা |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| কুলো | কুলো | কুলো | কুলো |
| গোজা | গোজা | গোজা | মোড়া |
| ভাগ চাষ | বর্গা চাষ | ঠিকা চাষ | ঠিকে চাষ |
| জিরেন দেওয়া | জিরেন দেওয়া | জিরোন দেয়া | রেস দেওয়া |
| ভাগরা করা | বর্গা করা | বর্গা করা | ভাগ দখল |
| খড় | খড়, বিচুলি | খড়, বিচলি | খেংড়া, খড় |
| পালা | কুটো পালা | হাপসা | পালা, হাপসা |
| বিজ ছড়ানো | বিজ ছড়ানো | বীজ রোয়া | বীজ রোয়া |
| ছেলো | মরা পাট | মরা পাট | লকড়ি পাট |
| সারা | সারানো | সারা | বাতাস দেয়া,বুদ ওড়ানো |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
|---|---|---|---|
| কুলো | কুলোন | পাচুড়ো | কুলো |
| গোজা | পাটের মুড়িয়া | গজা | গজা |
| ভাগ চাষ | ভাগ চাষ, ঠিকে চায়, | ভাগে চাষ | ভাগে চাষ |
| জিরেন দেওয়া | পচান দেয়া, পতিত দেয়া | বাত | বাত |
| ভাগরা করা | দখল দারী | ভাগরা করা | ভাগরা করা |
| খড় | লারা, আউল | খড় | খড় |
| পালা | গোটা, পালা, লকড়ি | গাদা | গোছ |
| বিজ ছড়ানো | বিছন | বীজ ফাওড়া | ফাওড়ানো |
| ছেলো | হেঁসা, শুখাপাট, মরা পাট | বাঁজা পাট | বাঁজা পাট |
| সারা | সারা | হাওয়া দেয়া | সারা |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| কুলো | কুলো | কুলো | কুলো |
| গোজা | গোজা | পাট গোড়া | পাটের গোড়া |
| ভাগ চাষ | ভাগ চাষ | ভাগ চাষ | ভাগ চাষ |
| জিরেন দেওয়া | জিরেন দেয়া | ফেলে রাখা | জিরেন দেওয়া |
| ভাগরা করা | লিখে নেওয়া | দখলদারি | ভাগরা করা |
| খড় | খড় | খড় | খড় |
| পালা | পালা | গাদা | পালা |
| বিজ ছড়ানো | বীজ ফেলা | বীজ রোয়া | বীজ রোয়া |
| ছেলো | ছেলো | ছেলো | ছোলো |
| সারা | আগড়া ওড়ানো | হাওয়া দেয়া, বাতাস দেয়া | সারা |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| ভাপানো | ভাপানো | ভাপ দেয়া | ভাপানো |
| এঁটে | গোড়ালে | গোড়া | মুড়া |
| নাড়া | গজা | নাড়া | নাড়া |
| পাকাটি | প্যাকাটি | পাকাটি | পাট খড়ি |
| হাপসা | হাপসা | পালা | হাপুন |
| জোন হওয়া | জোন বওয়া | জোন হওয়া | মজুরী মেলা |
| দক্ষিণে লোক | দক্ষিণে | দক্ষিণে লোক | নাবালের লোক |
| পেট ভাতা | পেট ভাতে | পেট ভাতে | পেট বাধা |
| রোজ কামাই | কাজ না পাওয়া | জোন কামাই | কাজ না পাওয়া |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| ভাপানো | ভাপানো | উষানো | ভাপ দেয়া |
| এঁটে | এঁটে, গোড়া | গোড়া | গোড়ালে, এঁটে |
| নাড়া | নাড়া | নাড়া | নাড়া |
| পাকাটি | পাকাটি | পাট খড়ি | পাট খড়ি |
| হাপসা | গাদা | হাপসা পালা | হাপসা |
| জোন হওয়া | জোন হওয়া | জোন মেলা | জোন মেলা |
| দক্ষিণে লোক | মজুর | দক্ষিণে লোক | দক্ষিণে লোক |
| পেট ভাতা | পেট ভাতারে | পেট ভাতে | পেট ঠিকা |
| রোজ কামাই | রোজ কামাই | কাজ না পাওয়া | মুনিস না মেলা |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
|---|---|---|---|
| ভাপানো | উষানো | ভাপানো | ভাপান |
| এঁটে | এঁটে, গোড়া, চেড় | গোড়া | গোড়া |
| নাড়া | মুড়ো, নাড়া | লাড়া, গজা | লাড়া |
| পাকাটি | পাট খড়ি | প্যাকাটি | প্যাকাটি |
| হাপসা | হাপসা পালা | হেঁসে | হেঁসে |
| জোন হওয়া | মুনিস বইছে | কাজ হওয়া | কাজ হওয়া |
| দক্ষিণে লোক | দক্ষিণে লোক | মজুর | মজুর |
| পেট ভাতা | পেট ঠিকা | পেটের ভাতে | পেট ভাতে |
| রোজ কামাই | কাজ না পাওয়া | কাজ কামাই | কাজ না মেলা |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| ভাপানো | ভাপানো | ভাপানো | ভাপানো |
| এঁটে | এঁটে, গোড়া | মুড়ো, এঁটে | এঁটে |
| নাড়া | লাড়া | গোঁজা | নাড়া |
| পাকাটি | প্যাকাটি | পাকাটি | পাটকাঠি |
| হাপসা | লকড়ি | হেঁসে | হাপসা |
| জোন হওয়া | জোন বওয়া | কামিন, মুনিস লাগা | লোক হওয়া |
| দক্ষিণে লোক | নাবালের লোক | প্রচলন নেই | দক্ষিণে লোক |
| পেট ভাতা | পেট ভাত | পেট খোরাক | পেট ভাতা |
| রোজ কামাই | জোন কামাই | কাজ না পাওয়া | রোজ কামাই |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| এয়োজ বদল | ওদল বদল | ওদল বদল | এয়োজ বদল |
| ওটন ডাঙা | ডাঙা | ডাঙা | ডাঙা |
| পর্চা | পর্চা | পর্চা | পর্চা |
| দাগ | দাগ | দাগ | দাগ |
| খতিয়ান | খতিয়ান | খতিয়ান | খতিয়ান |
| ফারাজ | ফারাজ | ফারাজ | ফারাজ |
| মৌজ হওয়া | মৌজ হওয়া | মৌজ হওয়া | মৌজ হওয়া |
| লিজ দেয়া | লিজ দেওয়া | লিজ দেওয়া | লিজ দেওয়া |
| থোড় | চুপসী | ভাদাল | মেথি |
| এক ফসলী | এক ফসলী | এক ফসলী | এক ফসলী |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| এয়োজ বদল | এয়োজ বদল<br>রেওয়াজ বদল | এয়োজ বদল | রাওয়াজ ফেরি |
| ওটন ডাঙা | পাড় | উঁচু জমি, ডাঙা | ডেঙা |
| পর্চ | পর্চা | পর্চা | পর্চা |
| দাগ | দাগ | দাগ | দাগ |
| খতিয়ান | খতিয়ান | খতিয়ান | খতিয়ান |
| ফারাজ | ফারাজ | ফারাজ | ফারাজ |
| মৌজ হওয়া | মৌজ হওয়া | মৌজ হওয়া | মৌজ হওয়া |
| লিজ দেয়া | লিজ দেওয়া | লিজ দেওয়া | বাধা রাখা |
| থোড় | থোড়, চুকো | থোড় | ভ্যাড়ালি |
| এক ফসলী | এক ফসলী | এক ফসলী | এক ফসলী |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
|---|---|---|---|
| এয়োজ বদল | পাল্টা পাল্টি | ওদল বদল,<br>পাল্টা পাল্টি | পাল্টা পাল্টি |
| ওটন ডাঙা | ডেঙা | চড়ি, ডাঙা | চড়ি |
| পর্চ | পর্চা | পর্চা | পর্চা |
| দাগ | দাগ | দাগ | দাগ |
| খতিয়ান | খতিয়ান | খতিয়ান | খতিয়ান |
| ফারাজ | ফারাজ | ফারাজ | ফারাজ |
| মৌজ হওয়া | মৌজ হওয়া | মৌজ হওয়া | মৌজ হওয়া |
| লিজ দেয়া | লিজ দেওয়া | লিজ দেওয়া | লিজ দেওয়া |
| থোড় | থোড়, মেথি | চুপসি, কলা চুপসি | মেথি |
| এক ফসলী | এক ফসলী | এক ফসলী | এক ফসলা |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| এয়োজ বদল | ওদল বদল | ওদল বদল | এয়োজ ফের |
| ওটন ডাঙা | টেক, দামি | ডাহি, ডাঙা | ডাঙা |
| পর্চ | পর্চা | পর্চা | পর্চা |
| দাগ | দাগ | দাগ | দাগ |
| খতিয়ান | খতিয়ান | খতিয়ান | খতিয়ান |
| ফারাজ | ফারাজ | ফারাজ | ফারাজ |
| মৌজ হওয়া | মৌজ হওয়া | মৌজ হওয়া | মৌজ হওয়া |
| লিজ দেয়া | লিজ দেওয়া | চুক্তি করা | লিজ দেওয়া |
| থোড় | থোড় | থোড় | থোড় |
| এক ফসলী | এক ফসলী | এক ফসলী | এক ফসলী |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| বহু ফসলী | বহু ফসলী | বহু ফসলী | বহু ফসলী |
| জোল জমি | জোল জমি | ল্যাটা জমি | জোল জমি |
| বিল | বিল | বিল | জলা |
| খসির মাথা | শোল জমি | খাসা জমি | সোনা জমি |
| আল ছেটা | ভিতে কাটা | আল ঝোড়া | আল ছাটা |
| কাড়ান দেওয়া | সার চাপানো | সার খাওয়ানো | সার দেওয়া |
| কাদা করা | কাদা করা | পাঁক করা | কাদা করা |
| খোপ করা | থান করা | গোল করা | মাদা কাটা |
| ফুল ঠেকানো | ফুল ঠেকানো , জোড় লাগানো | ফুল ঠেকানো | প্রচলন নেই |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| বহু ফসলী | বহু ফসলী | বহু ফসলী | বহু ফসলী |
| জোল জমি | জলা জমি | জলা জমি | ভাষান জমি |
| বিল | বিল, বাদা | জলা | জলা |
| খসির মাথা | ভালো জমি | সেরা ভুঁই | বীর জমি |
| আল ছেটা | আল পরিষ্কার | আল ছাটা | ঘস ছাটা |
| কাড়ান দেওয়া | সার দেওয়া | সার খাওয়ানো | সার দেওয়া |
| কাদা করা | কাদা করা | কাদা করা | পাঁক করা |
| খোপ করা | গর্ত করা | গন্তি করা | গর্ত করা, থানা করা |
| ফুল ঠেকানো | ফুল ছোয়ানো | ফুল ঠেকানো | মিল করা |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
|---|---|---|---|
| বহু ফসলী | বহু ফসলী | বহু ফসলী, সোনা জমি | বহু ফসলী, বীর জমি |
| জোল জমি | ল্যাটা জমি | জলা জমি | বিল জমি |
| বিল | বিল | জোলো জমি | জলা জমি |
| খসির মাথা | খাসা জমি | বীর জমি, সোনা জমি | বীর জমি, সোনা জমি |
| আল ছেটা | আল ঝালা | আল ছাছ করা | আল পরিষ্কার |
| কাড়ান দেওয়া | রোয়ানো, পাকনা | সার দেওয়া | পাকানো |
| কাদা করা | পাকাল করা, কাদা করা | কাদা করা | কাদানো |
| খোপ করা | থানা করা | গন্তি করা | গন্তি কাটা |
| ফুল ঠেকানো | ফুল শোঙানো | ফুল ছোয়ানো | প্রচলন নেই |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| বহু ফসলী | বহু ফসলী | বহু ফসলী | বহু ফসলী |
| জোল জমি | জলা জমি, শোন জমি | জলা জমি | জলা জমি |
| বিল | বিল | বিল | বিল |
| খসির মাথা | কালা জমি | ভালো জমি | উর্বর জমি |
| আল ছেটা | বিদে কাটা | ভিত ছাটা | আল ছেঁটা |
| কাড়ান দেওয়া | পাকানো | সার দেওয়া | সার খাওয়ানো |
| কাদা করা | কাদা করা | কাদা করা | কাদা করা |
| খোপ করা | মাদা কাটা | মাদ কাটা | খোপ করা |
| ফুল ঠেকানো | ফুল ছোয়ানো | প্রচলন নেই | ফুল ছোয়ানো |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| চাবড়া কাটা | এক চাপ কাটা | চাবড়া কাটা | এক কোদাল |
| দর দেওয়া | দর দেওয়া | দর দেওয়া | দর দেওয়া |
| ভেজানো | জল সেচ | ভুঁই ভেজানো | সেচ দেয়া |
| আচাট জমি | আচোট | বাচাড় | আচোট |
| গড়ান | ঢালু | গড়া | ঢালু |
| পাঁচন | হাল পাচন | পাচন | চাবুক |
| ওলা হওয়া | ওলা দাবা | টাল হওয়া | হেলে যাওয়া |
| গজাল দেওয়া | কাট গোঁজা | খিল দোয়া | গ্যাটিশ মারা |
| গাড়ি জোড়া | গাড়ি জোড়া | গরু লাগানো | গাড়ি তৈরি |
| হাল পড়া | হাল পড়া | গরু পড়া | গরু পড়া |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| চাবড়া কাটা | চাবড়া কাটা | চাপ কাটা | চ্যাঁপ কাটা |
| দর দেওয়া | চাষ দেওয়া | চাষ দেওয়া | চাষ দেওয়া |
| ভেজানো | জল দেয়া | জল দেয়া | বাতানো, ছেঁচা |
| আচাট জমি | পোড়া জমি | বাচাড় | পতিত |
| গড়ান | আল জমি | ঢাল | গড়ান |
| পাঁচন | ছড়ি | লাঠি | পয়না |
| ওলা হওয়া | ওলাট | হেলে যাওয়া | হেলে পড়া |
| গজাল দেওয়া | গজাল দেওয়া | গজাল মারা | গুঁজি মারা |
| গাড়ি জোড়া | জোয়াল তোলা | গরু জোড়া | গাড়ি তোয়ের |
| হাল পড়া | হাল পড়া | হাল পড়া | হাল পড়া |

| উত্তর ২৪ পরগনা | মুর্শিদাবাদ | বাঁকুড়া | পুরুলিয়া |
| --- | --- | --- | --- |
| চাবড়া কাটা | চাঁপ | এক কোদাল | এক কোদাল |
| দর দেওয়া | দর দেওয়া | দর দেওয়া | দর দেওয়া |
| ভেজানো | স্যালো দেয়া, বাতানো | ছিছানো | জল দেয়া |
| আচাট জমি | বাচাড় | জোবড়া | পত জমি |
| গড়ান | গড়ান | ডাঙা | ডাঙা |
| পাঁচন | পানকি | পাচন | লকড়ি |
| ওলা হওয়া | ওলান | ওলাট | হ্যাল হওয়া |
| গজাল দেওয়া | গ্যাটিশ করা | রণ খিল | খিল দেয়া |
| গাড়ি জোড়া | বলদ জোড়া | গাড়ি বাঁধা | গাড়ি তৈরি |
| হাল পড়া | হাল পড়া | হালানি | হাল পড়া |

| উত্তর ২৪ পরগনা | পূর্ব মেদিনীপুর | পশ্চিম মেদিনীপুর | কলকাতা |
|---|---|---|---|
| চাবড়া কাটা | চাপ কাটা | চাপ কাটা | মাটি কাটা |
| দর দেওয়া | দর দেওয়া | দর দেওয়া | দর দেওয়া |
| ভেজানো | সেচ দেয়া | সেচ দেওয়া | ভেজানো |
| আচাট জমি | পড়া জমি | পতিত | বাঁজা জমি |
| গড়ান | ডাহি | ডাহি | গড়ান |
| পাঁচন | হাল বাড়ি | লাঠি | লাঠি |
| ওলা হওয়া | ওলা দাবা | টাল খাওয়া | ওলা হওয়া |
| গজাল দেওয়া | খিল মারা | খিল মারা | গজাল দেওয়া |
| গাড়ি জোড়া | গাড়ি জোড়া | গাড়ি জোড়া | গাড়ি জোড়া |
| হাল পড়া | বলদ পড়া | হাল পড়া | হাল পড়া |

| উত্তর ২৪ পরগনা | হুগলী | নদীয়া | হাওড়া |
|---|---|---|---|
| এঁকো মারা | এঁকো মারা | এঁকো কাটা | গাঁট মারা |
| কাগ মরা | মুড়ো মরা | আগা মরা | মরা বাঁশ |
| আগালে | ডগা | ডগাল | ডগা |
| আওতা | ছায়া | আওতা | ছায়া |
| আল | আল | আল | আল |
| কালি ভাঙা | কলি কাটা | কলি কাটা | কালি তোলা |
| কোপানো | কোপানো | কোপানো | খোড়া |
| গোড়ালে বাঁশ | গোড়ালে | গোড়ালে | গোড়ালে |
| গাড়োয়ান | গাড়োয়ান | গাড়োয়ান | গাড়োয়ান |

| উত্তর ২৪ পরগনা | দক্ষিণ ২৪ পরগনা | বর্ধমান | বীরভূম |
|---|---|---|---|
| এঁকো মারা | গাঁট কাটা | বাঁশ চাঁছা | গাঁট কাটা |
| কাগ মরা | কাগ মরা | মরা বাঁশ | আগা মরা বাঁশল |
| আগালে | আগালি | আগালে | ডগলা |
| আওতা | আওতা | ছায়া | ছায়া |
| আল | আল | আল | আল |
| কালি ভাঙা | পেঁয়াজ কালী ভাঙা | কালি তোলা | কাটি মারা |
